# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৭৩

১/ বিবিধ

আরবী

الصلاة في المسجد الحرام مائة ألف صلاة، والصلاة في مسجدي عشرة آلاف صلاة، والصلاة في مسجد الراباطات ألف صلاة

موضوع

رواه أبو نعيم في " الحلية " (8/46) عن عبد الرحيم بن حبيب: حدثنا داود بن عجلان: حدثنا إبراهيم بن أدهم عن مقاتل بن حيان عن أنس مرفوعا، وقال أبو نعيم

لم نكتبه إلا من حديث عبد الرحيم عن داود

قلت: وكلاهما متهم

أما داود فقال ابن حبان

يروي عن أبي عقال عن أنس المناكير الكثيرة والأشياء الموضوعة "، قال الحاكم والنقاش

روى عن أبي عقال أحاديث موضوعة

وأما عبد الرحيم بن حبيب، فقال ابن حبان

لعله وضع أكثر من مائة حديث على رسول الله صلى الله عليه وسلم

وقال أبو نعيم

روى عن ابن عيينة وبقية الموضوعات

قلت: ومع هذا فقد تجرأ السيوطي أوغفل فسود بهذا الحديث " الجامع الصغير " من رواية أبي نعيم وحده ولم يتعقبه المناوي بشيء غير أنه قال

إسناده ضعيف
فكأنه لم يقف على سنده فاكتفى بتضعيفه بناء على قاعدة: إن ما تفرد به أبو نعيم فهو ضعيف
ومما يستنكر في هذا الحديث قوله: إن الصلاة في مسجده صلى الله عليه وسلم بعشرة آلاف، والثابت عنه صلى الله عليه وسلم في الأحاديث الكثيرة الصحيحة أنها بألف صلاة وقد سقت هذه الأحاديث وخرجتها في " الثمر المستطاب في فقه السنة والكتاب "، ثم في " الإرواء " (971 و1129)

বাংলা

১০৭৩। মাসজিদুল হারামে একবার সালাত আদায় করা অন্যত্র এক লক্ষ সালাত আদায় করার সমান। আমার মসজিদে একবার সালাত আদায় করা অন্যত্র দশ হাজার সালাত আদায় করার সমান। আর মাসজিদুর রিবাতে একবার সালাত আদায় করা অন্যত্র একহাজার সালাত আদায় করার সমান।

হাদীসটি জাল।

এটি আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/৪৬) আব্দুর রহীম ইবনু হাবীব হতে, তিনি দাউদ ইবনু আজলান হতে, তিনি ইবরাহীম ইবনু আদহাম হতে, তিনি মুকাতিল ইবনু হাইয়্যান হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আবু নুয়াইম বলেনঃ হাদীসটি আমরা একমাত্র আব্দুর রহীমের সূত্রে দাউদ হতে লিখেছি।

আমি (আলবানী) বলছিঃ তারা উভয়েই মিথ্যার দোষে দোষী। দাউদ সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি আবু ইকাল হতে, তিনি আনাস (রাঃ) হতে বহু মুনকার হাদীস ও বানোয়াট বহু কিছু বর্ণনা করেছেন। হাকিম ও নাকাশ বলেনঃ তিনি আবু ইকাল হতে কতিপয় বানোয়াট হাদীস বর্ণনা করেছেন। আব্দুর রহীম সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ সম্ভবত তিনি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর শতাধিক হাদীস জাল করেছেন। আবু নুয়াইম বলেনঃ তিনি ইবনু ওয়াইনাহ ও বাকিয়্যাহ হতে কতিপয় বানোয়াট হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও সুয়ূতী এ হাদীসটি “আল-জামেউস সাগীর” গ্রন্থে উল্লেখ করেছেন। মানবী তার প্রতিবাদ করে বলেছেনঃ হাদীসটির সনদ দুর্বল। সম্ভবত তিনি হাদীসটির সনদ সম্পর্কে অবহিত হননি যার জন্য শুধুমাত্র দুর্বল বলেই শেষ করেছেন।

সহীহ হাদীসে সাব্যস্ত হয়েছে যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদে সালাত পড়লে অন্যত্র

আদায়কৃত এক হাজার সালাতের সমান সওয়াব হবে। এ সহীহ হাদীসও আলোচ্য হাদীসটি মুনকার হওয়ার প্রমাণ বহন করে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন